সংবাদ
৪৬
৫/৩/০৫

# অবৈধ বেসরকারি বিশ্ববিদ্যালয় বন্ধের চূড়ান্ত নির্দেশ যাচ্ছে

নিজস্ব বার্তা পরিবেশক

সরকার ঘোষিত ৫৬টি অবৈধ বেসরকারি বিদেশী বিশ্ববিদ্যালয় শাখার অধিকাংশেরই তাদের কার্যক্রম বন্ধ করার চূড়ান্ত নির্দেশ দেয়া হবে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) এসব অবৈধ বেসরকারি বিদেশী বিশ্ববিদ্যালয় সম্পর্কে নতুন করে যাচাই-বাছাই শুরু করলেও তাতে অধিকাংশ বিশ্ববিদ্যালয় সাড়া না দেয়ায় বিশ্ববিদ্যালয়গুলো চূড়ান্তভাবে বন্ধের উদ্যোগ নিচ্ছে ইউজিসি। ৫৬টি বিশ্ববিদ্যালয়ের

বন্ধের : পৃঃ ১১ কঃ ১

## বন্ধের : চূড়ান্ত নির্দেশ

(১২ পৃষ্ঠার পর)

মধ্যে ২৯টি বিশ্ববিদ্যালয়ই ইউজিসি'র উদ্যোগে সাড়া দেয়নি বলে জানা গেছে।

ইউজিসি'র সংশ্লিষ্ট সূত্র জানায়, গত ২০ আগস্ট বিদেশী বিশ্ববিদ্যালয় সম্পর্কে নতুন করে তথ্য সংগ্রহের উদ্দেশ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সাথে অবৈধ ঘোষিত বেসরকারি বিদেশী বিশ্ববিদ্যালয় শাখাগুলোর কর্তৃপক্ষের এক সভা অনুষ্ঠিত হয়। সভায় ৫৬টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে মাত্র ১৭টি বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিরা যোগ দেন। বিশ্ববিদ্যালয় প্রতিনিধিদের ২১টি প্রশ্ন সংবলিত একটি প্রশ্নপত্র সরবরাহ করে ইউজিসি। ৭ কার্য দিবসের মধ্যে এসব প্রশ্নের উত্তর দিয়ে প্রশ্নপত্র ইউজিসিতে জমা দেয়ার নির্দেশ দেয়া হয়। এর মধ্যে নির্ধারিত সময় শেষ হয়ে গেলেও মাত্র ৮টি বিশ্ববিদ্যালয় প্রশ্নপত্র জমা দিয়েছে বলে ইউজিসি সূত্রে জানা গেছে।

ওই প্রশ্নপত্রের ওপর নির্ভর করে বিদেশী বিশ্ববিদ্যালয় সম্পর্কে নীতিমালা তৈরি এবং নতুন করে তাদের বৈধতা যাচাই করার উদ্যোগ নিলেও অধিকাংশ বিশ্ববিদ্যালয় তাতে সাড়া দেয়নি। ফলে ওই বিশ্ববিদ্যালয়গুলো চূড়ান্তভাবে বন্ধ করে দেয়া হবে বলে ইউজিসি সূত্রে জানা গেছে। এ ব্যাপারে ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক নজরুল ইসলাম 'সংবাদ'কে বলেন, যেসব বিশ্ববিদ্যালয় এখনও প্রশ্নপত্র যথাযথভাবে পূরণ করে জমা দেয়নি সেগুলো বাদ হয়ে যাবে। আর যারা প্রশ্নপত্র সংগ্রহ করেনি তাদের কার্যক্রম চূড়ান্তভাবে বন্ধের ব্যাপারে চিন্তা-ভাবনা চলছে। নতুন করে তাদের আর সুযোগ দেয়া হবে না বলে জানান ইউজিসি চেয়ারম্যান।

অবৈধ ঘোষিত এসব বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অধিকাংশেরই শিক্ষা মন্ত্রণালয় বা ইউজিসি'র কোন অনুমোদন নেই।